গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী
সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা -১২১৯
www.ansarvdp.gov.bd

স্মারক নং-৪৪.০৩.০০০০.০১১.২৭.০৮০.২৬. ১২৭০

তারিখ: ২১/০২/১৪৩৩ বঙ্গাব্দ।
০৪/০৬/২০২৬ খ্রিষ্টাব্দ।

## সার্কুলার

বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, প্রশাসন শাখার স্মারক নং-৪৪.০৩.০০০০.০১১.২৭.০৮০.২৬ .১২৬৯, তারিখ: ০৪/০৬/২০২৬ খ্রি: মূলে জারিকৃত **মহাপরিচালক এর প্রশংসাপত্র ও পুরস্কার প্রদান সংক্রান্ত নীতিমালা, ২০২৬** সংশ্লিষ্ট সকলের অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রমের জন্য কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এতদ্সংঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্ত: নীতিমালা-১১ (এগার) পাতা।

০৪.০৬.২৬
মুহাম্মদ সাজ্জাদুর রহমান, বিভিএমএস, পিএএমএস
বিএভি- ১২০০৭৩
পরিচালক (প্রশাসন)
মোবাইল নম্বর ০১৩৩৫৩০০২৬০
ই-মেইল: dir_admin@ansarvdp.gov.bd

স্মারক নং-৪৪.০৩.০০০০.০১১.২৭.০৮০.২৬. ১২৭০

তারিখ: ২১/০২/১৪৩৩ বঙ্গাব্দ।
০৪/০৬/২০২৬ খ্রিষ্টাব্দ।

**অনুলিপিঃ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)।**

| | | |
|---|---|---|
| ১। | অতিরিক্ত মহাপরিচালক<br>বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা। | সদয় অবগতির জন্য। |
| ২। | কমান্ড্যান্ট, বাংলাদেশ আনসার ও ভিডিপি একাডেমি, সফিপুর, গাজীপুর। | সদয় অবগতি ও কার্যক্রমের জন্য। |
| ৩। | উপমহাপরিচালক (প্রশাসন/ প্রশিক্ষণ/অপারেশনস্)<br>বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা। | " |
| ৪। | উপমহাপরিচালক (সকল)<br>বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী ...........................রেঞ্জ। | " |
| ৫। | পরিচালক, বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, কুমিল্লা রেঞ্জ, কুমিল্লা। | অবগতি ও কার্যক্রমের জন্য। |
| ৬। | পরিচালক (সকল)..................................................................<br>বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা/<br>বাংলাদেশ আনসার ও ভিডিপি একাডেমি, সফিপুর, গাজীপুর। | " |
| ৭। | অধিনায়ক (সকল)<br>........................আনসার ব্যাটালিয়ন (........বিএন)...............................। | " |
| ৮। | পরিচালক, মহানগর আনসার, ঢাকা (ডিএমএ)। | " |
| ৯। | অধিনায়ক, আনসার গার্ড ব্যাটালিয়ন (এজিবি), ভাটারা, ঢাকা। | " |
| ১০। | অধিনায়ক, আনসার ফোর্স, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকা। | " |
| ১১। | আইন কর্মকর্তা (অতিরিক্ত জেলা দায়রা জজ)/নির্বাহী প্রকৌশলী/উপপরিচালক (চিকিৎসা)<br>বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা। | " |
| ১২। | উপপরিচালক (সকল)...............................................................<br>বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা/<br>বাংলাদেশ আনসার ও ভিডিপি একাডেমি, সফিপুর, গাজীপুর। | " |
| ১৩। | উপপরিচালক (সমন্বয়)<br>বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা । | মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য। |
| ১৪। | জেলা কমান্ড্যান্ট (সকল)........................................................ | অবগতি ও কার্যক্রমের জন্য। |
| ১৫। | জোন অধিনায়ক (সকল), মহানগর আনসার, ঢাকা ও চট্টগ্রাম................। | " |
| ১৬। | অধিনায়ক, ভিটিসি, কলাকোপা, নবাবগঞ্জ, ঢাকা/ভিটিসি, গাজীপুর। | " |
| ১৭। | সহকারী পরিচালক (সকল)...................................................<br>বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা/<br>বাংলাদেশ আনসার ও ভিডিপি একাডেমি, সফিপুর, গাজীপুর। | " |
| ১৮। | গণসংযোগ কর্মকর্তা/বাজেট কর্মকর্তা (আনসার ও ভিডিপি)<br>বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা। | " |
| ১৯। | আইসিটি শাখা<br>বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা। | বিষয়টি বাহিনীর ওয়েবসাইটে প্রচারের জন্য। |
| ২০। | নিয়ন্ত্রণ কক্ষ<br>বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা। | সংশ্লিষ্ট সকলকে অবহিতকরণের জন্য। |
| ২১। | অফিস/মাস্টার কপি। | |

০৪/০৬/২৬
পরিচালক (প্রশাসন)

E:\Babul\CURCOLAR.doc

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী
সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা-১২১৯
www.ansarvdp.gov.bd

স্মারক নং-৪৪.০৩.০০০০.০১১.২৭.০৮০.২৬. ১২৮৭

তারিখ: ২১/০২/১৪৩৩ বঙ্গাব্দ।
০৪/০৬/২০২৬ খ্রিষ্টাব্দ।

**বিষয়: মহাপরিচালক এর প্রশংসাপত্র ও পুরস্কার প্রদান সংক্রান্ত নীতিমালা, ২০২৬।**

১। **ভূমিকা।** বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী দেশের সর্ববৃহৎ জনসম্পৃক্ত ও শৃঙ্খলা বাহিনী। এ বাহিনীর সদস্যারা "শান্তি, শৃঙ্খলা, উন্নয়ন, নিরাপত্তায় সর্বত্র আমরা" এ মূলমন্ত্রকে ধারণ করে দেশের জননিরাপত্তা, নারীর ক্ষমতায়ন, নিরক্ষরতা দূরীকরণ, দুর্যোগ মোকাবেলা, গুজব প্রতিরোধ, সন্ত্রাস ও জঙ্গীবাদ দমন, বাল্যবিবাহ রোধ, ইভটিজিং ও যৌন হয়রানি রোধ ইত্যাদি ক্ষেত্রে সক্রিয় অংশগ্রহণ করছে। তাছাড়া, জনশক্তিকে দক্ষ করে মানব সম্পদে রূপান্তরের মাধ্যমে দেশের আর্থ-সামাজিক উন্নয়ন এবং সরকারের নির্দেশে আইন-শৃঙ্খলা রক্ষা ও আভিযানিক কার্যক্রমে অংশগ্রহণের মাধ্যমে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে এ বাহিনী। এ পরিপ্রেক্ষিতে বাহিনীর কর্মচারীদের অসীম সাহসিকতা, বীরত্বপূর্ণ কাজের পাশাপাশি বুদ্ধিমত্তা, একনিষ্ঠতা, সততা, দূরদর্শিতা, দেশের প্রতি মমত্ববোধ প্রভৃতি দৃষ্টান্তপূর্ণ অবদানের স্বীকৃতিস্বরূপ পুরস্কৃত করার নিমিত্ত নিম্নরূপ নীতিমালা প্রণয়ন করা হলো।

২। **শিরোনাম।** এই নীতিমালা বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর **"মহাপরিচালক এর প্রশংসাপত্র ও পুরস্কার প্রদান সংক্রান্ত নীতিমালা, ২০২৬"** নামে অভিহিত হবে।

৩। **প্রাধিকার।** রাজস্ব খাতভুক্ত কর্মরত সকল কর্মকর্তা/কর্মচারী, অঙ্গীভূত আনসার/ভিডিপি সদস্য ও বাহিনীর ভাতাভোগী সকল সদস্য।

৪। **কর্মকান্ড ও ক্ষেত্রসমূহ।**

৪.ক। প্রশাসনিক, আভিযানিক ও প্রশিক্ষণ সংক্রান্ত উল্লেখযোগ্য ও কৃতিত্বপূর্ণ অবদান এবং কর্তৃপক্ষের দৃষ্টিতে প্রশংসনীয় বিবেচিত নিম্নবর্ণিত যে কোন অথবা সকল কাজের জন্য মহাপরিচালক এর প্রশংসাপত্র প্রদান করা যাবে;

৪.ক.১। পার্বত্য চট্টগ্রামে অপারেশন উত্তরণের আওতায় অপ্রচলিত যুদ্ধে (UCW) কৃতিত্বপূর্ণ অবদান রাখলে;

৪.ক.২। আইন-শৃঙ্খলা রক্ষা/অভ্যন্তরীণ নিরাপত্তা/কেপিআইসমূহে দায়িত্ব পালনে বিশেষ কৃতিত্বপূর্ণ ভূমিকা রাখলে;

৪.ক.৩। ভূমিকম্প/ভবন ধ্বস/বন্যাসহ যে কোন জাতীয় দুর্যোগে উল্লেখযোগ্য ভূমিকা পালন করলে;

৪.ক.৪। নির্বাচন/পূজা/রাষ্ট্রীয় অন্যান্য মোতায়েন কার্যক্রমে কর্তব্য পালনে কৃতিত্বপূর্ণ অবদান রাখলে;

৪.ক.৫। অপারেশনাল কর্তব্য পালনের মাধ্যমে বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর ভাবমূর্তি উজ্জ্বল করার ক্ষেত্রে প্রশংসনীয় অবদান রাখলে;

৪.ক.৬। সরকার কর্তৃক প্রদত্ত যে কোন কর্তব্য পালনে বিশেষ কৃতিত্ব অর্জন করলে;

৪.ক.৭। বাহিনীর উন্নয়নে নতুন কোন উদ্ভাবনী কর্মকান্ডে বিশেষ কৃতিত্ব প্রদর্শন করলে;

৪.ক.৮। চিকিৎসা সেবায় উল্লেখযোগ্য অবদান রাখলে;

৪.ক.৯। প্রশাসনিক কর্তব্য পালনে বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর ভাবমূর্তি উজ্জ্বল করার ক্ষেত্রে অবদান রাখলে;

৪.ক.১০। বাহিনী কর্তৃক পরিচালিত প্রশিক্ষণে বা বাহিনীর প্রতিনিধিত্ব করে দেশে বা দেশের বাইরের যে কোনো প্রশিক্ষণে কৃতিত্বপূর্ণ অবদান রাখলে;

৪.ক.১১। বাহিনীর শৃঙ্খলা ও পেশাদারিত্বের মানোন্নয়নে এবং সদস্যদের দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে নতুন প্রশিক্ষণ ও কৌশল উদ্ভাবনে অবদান রাখলে;

৪.ক.১২। আর্থ-সামাজিক উন্নয়নের লক্ষ্যে বাহিনী কর্তৃক গৃহীত বিভিন্ন প্রকল্প বাস্তবায়নে উল্লেখযোগ্য ভূমিকা রাখলে;

৪.ক.১৩। গুজব প্রতিরোধ, সন্ত্রাস দমন, বাল্যবিবাহ রোধ, ইভটিজিং ও যৌন হয়রানী রোধে উল্লেখযোগ্য ভূমিকা রাখলে;

৪.ক.১৪। আনসার ভিডিপি ক্লাব/সমিতির উন্নয়নের মাধ্যমে আর্থ-সামাজিক উন্নয়নে অসামান্য ভূমিকা রাখলে;

৪.ক.১৫। প্রশিক্ষণ সংক্রান্ত কর্মকান্ডে কর্তব্য পালনে বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর ভাবমূর্তি উজ্জ্বল করার ক্ষেত্রে অবদান রাখলে;

৪.ক.১৬। বাহিনীর কোন সদস্য কর্তৃক বাংলাদেশ আনসার ও ভিডিপির যে কোন সম্পদ/সম্পত্তি রক্ষার্থে/পুনরুদ্ধারে অসামান্য ভূমিকা রাখলে।

**৪.খ। <u>পদবি ভিত্তিক ক্ষেত্রসমূহ</u>।**

| ক্রমিক | সদস্যদের বিবরণ | ক্ষেত্রসমূহ | প্রমাণক |
|---|---|---|---|
| ১. | ৯ম গ্রেড ও তদুর্ধ্ব কর্মকর্তা | (ক) পার্বত্য এলাকাসহ যে কোন এলাকায় সন্ত্রাস দমনে বীরত্বপূর্ণ অবদান রাখা।<br>(খ) জননিরাপত্তায় দৃষ্টান্তমূলক ও প্রশংসনীয় কাজ;<br>(গ) আর্থ সামাজিক উন্নয়নে দৃষ্টান্তমূলক ও প্রশংসনীয় কাজ।<br>(ঘ) তথ্য-প্রযুক্তি খাতে উদ্ভাবনী, দৃষ্টান্তমূলক ও প্রশংসনীয় কাজ।<br>ঙ) দাপ্তরিক কাজে প্রশংসনীয় দক্ষতা প্রদর্শন ও ধারা ৪ এ উল্লিখিত এক বা একাধিক ক্ষেত্রে উল্লেখযোগ্য ভূমিকা রাখলে। | ক) পত্রিকায় প্রকাশিত খবরের কাটিং (যদি থাকে)।<br>খ) ঘটনা সংশ্লিষ্ট আলোকচিত্র/ ভিডিও/অন্যান্য দলিল (যদি থাকে)।<br>গ) ইউনিট প্রধান কর্তৃক সংশ্লিষ্ট কাজের প্রত্যয়নপত্র।<br>ঘ) ঘটনার তাৎক্ষনিক প্রতিবেদন। |
| ২. | ১০ম গ্রেডের কর্মকর্তা (সার্কেল অ্যাডজুট্যান্ট/ কোম্পানি কমান্ডার/ উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা)। | (ক) ভূমিকম্প/ভবন ধ্বস/বন্যাসহ যেকোনো জাতীয় দুর্যোগে উল্লেখযোগ্য ভূমিকা পালন।<br>(খ) সন্ত্রাস দমন/নির্বাচন/পূজা/রাষ্ট্রীয় অন্যান্য অপারেশনাল কর্তব্য পালনের মাধ্যমে বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর ভাবমূর্তি উজ্জ্বল করার ক্ষেত্রে কৃতিত্বপূর্ণ অবদান।<br>(গ) আনসার ও ভিডিপির যে কোন সম্পত্তি রক্ষার্থে/পুনরুদ্ধারে অসামান্য ভূমিকা।<br>(ঘ) সততা, দক্ষতা ও ন্যায়পরায়ণতার দৃষ্টান্তমূলক অবদান।<br>(ঙ) সরকার কর্তৃক প্রদত্ত যেকোনো কর্তব্য পালনে বিশেষ কৃতিত্ব অর্জন।<br>চ) দাপ্তরিক কাজে প্রশংসনীয় দক্ষতা প্রদর্শন ও ধারা ৪ এ উল্লিখিত এক বা একাধিক ক্ষেত্রে উল্লেখযোগ্য ভূমিকা রাখলে। | |

| ক্রমিক | সদস্যদের বিবরণ | ক্ষেত্রসমূহ | প্রমাণক |
|---|---|---|---|
| ৩. | সকল পদবির আনসার ব্যাটালিয়ন সদস্য ও হিল আনসার সদস্য (বিভিন্ন ট্রেডে কর্মরত আনসার ব্যাটালিয়ন সদস্য ব্যতিত) | ক) আইন শৃঙ্খলা রক্ষা ও অস্ত্র উদ্ধারে সাহসী ও কৃতিত্বপূর্ণ ভূমিকা।<br>খ) দূর্গম অঞ্চলে ঝুঁকিপূর্ণ ক্যাম্পে দৃষ্টান্তমূলক কাজের অবদান।<br>গ) পার্বত্য অঞ্চলে শান্তিরক্ষামূলক কাজে বিশেষ অবদান।<br>ঘ) দাপ্তরিক কাজে প্রশংসনীয় দক্ষতা প্রদর্শন।<br>ঙ) ধারা ৪ এ উল্লিখিত এক বা একাধিক ক্ষেত্রে উল্লেখযোগ্য ভূমিকা রাখলে। | |
| ৪. | সকল পদবির অঙ্গীভূত আনসার/ ভিডিপি সদস্য, উপজেলা আনসার ও বিশেষ আনসার সদস্য | ক) চোরাচালান দমনে দৃষ্টান্তমূলক সাফল্য অর্জন।<br>খ) আইন-শৃঙ্খলা রক্ষায় দৃষ্টান্তমূলক অর্জন।<br>গ) অভ্যন্তরীণ নিরাপত্তার কাজে দৃষ্টান্তমূলক সাফল্য প্রদর্শন।<br>ঘ) রাষ্ট্রীয় সম্পত্তি/যানমাল/অস্ত্র-গোলাবারুদ রক্ষায় দৃষ্টান্তমূলক কৃতিত্ব প্রদর্শন।<br>ঙ) প্রাকৃতিক দুর্যোগ ও মানবসৃষ্ট দুর্যোগ মোকাবেলায় দৃষ্টান্তমূলক অবদান।<br>চ) ধারা ৪ এ উল্লিখিত এক বা একাধিক ক্ষেত্রে উল্লেখযোগ্য ভূমিকা রাখলে। | ক) পত্রিকায় প্রকাশিত খবরের কাটিং (যদি থাকে)।<br>খ) ঘটনা সংশ্লিষ্ট আলোকচিত্র /ভিডিও/ অন্যান্য দলিল (যদি থাকে)।<br>গ) জেলা কমান্ড্যান্ট/জোন অধিনায়ক কর্তৃক সংশ্লিষ্ট কাজের প্রত্যয়নপত্র।<br>ঘ) ঘটনার তাৎক্ষনিক প্রতিবেদন।<br>ঙ) সংশ্লিষ্ট সংস্থা কর্তৃক প্রত্যয়নপত্র/ রিপোর্ট/সুপারিশ। |
| ৫. | বিভিন্ন ট্রেডে কর্মরত আনসার ব্যাটালিয়ন সদস্য | ক) বিভিন্ন ট্রেডে কর্মরত আনসার ব্যাটালিয়ন সদস্য কর্তৃক কাজের ক্ষেত্রে কর্তব্যপরায়নতা ও দৃষ্টান্তমূলক অবদান।<br>খ) ধারা ৪ এ উল্লিখিত এক বা একাধিক ক্ষেত্রে উল্লেখযোগ্য ভূমিকা রাখলে। | বিভিন্ন ট্রেডে কর্মরত সকল পদবির আনসার ব্যাটালিয়ন সদস্যদের ক্ষেত্রে নিয়ন্ত্রণকারী কর্মকর্তা কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র। |
| ৬. | ক) বাহিনীতে কর্মরত রাজস্ব খাতভুক্ত ৩য় ও ৪র্থ শ্রেণীর কর্মচারী (সিভিল) | ক) সততা, সময়নিষ্ঠা ও আন্তরিকভাবে নির্ধারিত দায়িত্ব পালনের সক্ষমতা।<br>খ) অর্পিত দায়িত্ব ও কর্তব্য পালনে বিশেষ কৃতিত্ব অর্জন।<br>গ) দাপ্তরিক কাজে প্রশংসনীয় দক্ষতা প্রদর্শন।<br>ঘ) ধারা ৪ এ উল্লিখিত এক বা একাধিক ক্ষেত্রে উল্লেখযোগ্য ভূমিকা রাখলে। | ক) সংশ্লিষ্ট নিয়ন্ত্রণকারী কর্মকর্তা কর্তৃক প্রত্যয়নপত্র<br>খ) জেলা ও উপজেলা পর্যায়ে অনুষ্ঠিত বিভিন্ন প্রশিক্ষণ নিয়ন্ত্রণকারী কর্মকর্তা কর্তৃক প্রশংসাপত্র/ প্রত্যয়নপত্র |
| | খ) উপজেলা/থানা মহিলা প্রশিক্ষিকা ও মহিলা আনসার | ক) সাংগঠনিক দৃষ্টান্তমূলক তৎপরতা।<br>খ) জেলা ও উপজেলা পর্যায়ে অনুষ্ঠিত বিভিন্ন প্রশিক্ষণে দক্ষতা প্রদর্শন।<br>গ) প্লাটুন, কোম্পানী গঠনে/পুর্নগঠনে কৃতিত্বপূর্ণ অবদান।<br>ঘ) বাহিনীর সদস্যদের কল্যাণে উল্লেখযোগ্য ভূমিকা। | |

| ক্রমিক | সদস্যদের বিবরণ | ক্ষেত্রসমূহ | প্রমাণক |
|---|---|---|---|
| | | ঙ) ধারা ৪ এ উল্লিখিত এক বা একাধিক ক্ষেত্রে উল্লেখযোগ্য ভূমিকা রাখলে। | |
| ৭. | ক) ভিডিপি ও টিডিপি দলনেতা-দলনেত্রী, উপজেলা আনসার কোম্পানী কমান্ডার, উপজেলা আনসার সহকারী কোম্পানী কমান্ডার, ইউনিয়ন আনসার কমান্ডার, ইউনিয়ন সহকারী আনসার কমান্ডার, ভিডিপি ও টিডিপি সদস্য এবং হিল ভিডিপি।<br>খ) অন্যান্য ভাতাভোগী সদস্য (ক্রমিক নং- ৭ (ক) এ বর্ণিত সদস্য-ব্যতিত) | ক) মানবসম্পদ উন্নয়নে দৃষ্টান্তমূলক অবদান।<br>খ) জনসেবা ও পরিবেশ রক্ষামূলক কার্যক্রম।<br>গ) আর্থসামাজিক উন্নয়নমূলক ক্ষমতায়ন কার্যক্রম।<br>ঘ) নারী উন্নয়ন ও শিশু কল্যাণমূলক কার্যক্রম।<br>ঙ) বাহিনীর বিভিন্ন কারিগরি প্রশিক্ষণ গ্রহণ করার পর স্বাবলম্বী/উদ্যোক্তা হওয়া।<br>চ) স্বেচ্ছাসেবী কার্যক্রমে স্বত:স্ফূর্ত ও দৃষ্টান্তমূলক ভূমিকা।<br>ছ) নির্বাচন ও পূজায় উল্লেখযোগ্য কৃতিত্বপূর্ণ অবদান।<br>জ) ক্রীড়া ও সাংস্কৃতিক ক্ষেত্রে উল্লেখযোগ্য অর্জন ও অবদান।<br>ঝ) আনসার ও ভিডিপি ক্লাব/সমিতির উন্নয়নে কৃতিত্বপূর্ণ ভূমিকা।<br>ঞ) ধারা ৪ এ উল্লিখিত এক বা একাধিক ক্ষেত্রে উল্লেখযোগ্য ভূমিকা রাখলে। | ক) পত্রিকায় প্রকাশিত খবরের কাটিং (যদি থাকে)।<br>খ) ঘটনা সংশ্লিষ্ট আলোকচিত্র/ ভিডিও/অন্যান্য দলিল (যদি থাকে)।<br>গ) ভাতাভিত্তিক/ স্বেচ্ছাসেবী সদস্যদের ক্ষেত্রে নিয়োগ আদেশ/ প্রশিক্ষণ সনদের সত্যায়িত (নিয়ন্ত্রণকারী কর্মকর্তা কর্তৃক প্রদত্ত) ছায়ালিপি। |

৫। <u>**আবেদনের বিবেচ্যকাল**</u>। প্রতি বছর **০১ নভেম্বর হতে পরবর্তী বছর ৩১ অক্টোবর** তারিখ পর্যন্ত বিভিন্ন কর্মকান্ডের জন্য **মহাপরিচালক এর প্রশংসাপত্র ও পুরস্কারের** জন্য সাইটেশন **'ক্রোড়পত্র-ক'** অনুসরণপূর্বক যথাযথ সুপারিশ সহকারে **ক্রোড়পত্র 'খ'** এ বর্ণিত ছক অনুযায়ী সংশ্লিষ্ট রেঞ্জের মাধ্যমে হার্ড কপি ডাকযোগে এবং সফট কপি (Nikosh ফন্টে টাইপ করতঃ) সিডি/পেনড্রাইভ/ওয়েবমেইলের (ddwelfare@ansarvdp.gov.bd) মাধ্যমে **১০ নভেম্বরের** মধ্যে সদর দপ্তর ওয়েলফেয়ার শাখায় প্রেরণ করতে হবে। নির্ধারিত তারিখের পরে প্রাপ্ত সাইটেশনের উপর কোন কার্যক্রম গ্রহণ করা হবে না। উল্লেখ্য, একই বছর কোন কর্মচারী, ভাতাভোগী সদস্য একইসাথে পদক এবং **মহাপরিচালক এর প্রশংসাপত্র ও পুরস্কারের** জন্য বিবেচিত হবেন না এবং একই কাজের জন্য কোন সদস্যকে একাধিকবার **মহাপরিচালক এর প্রশংসাপত্র ও পুরস্কারের** জন্য বিবেচনা করা যাবে না।

৬। <u>**প্রস্তাব প্রেরণ পদ্ধতি**</u>। একাডেমি ও রেঞ্জ কমিটি প্রাপ্ত আবেদনসমূহ যাচাই বাছাইপূর্বক **ক্রোড়পত্র 'গ'** মোতাবেক সুপারিশসহ সদর দপ্তর ওয়েলফেয়ার শাখায় নির্ধারিত সময়ের মধ্যে প্রেরণ করবেন। উল্লেখ্য যে, নির্ধারিত সময়ের পরে প্রেরিত সাইটেশনসমূহ বাতিল বলে গণ্য হবে।

৭। <u>**রেঞ্জ/একাডেমির বাছাই কমিটি**</u>।

ক। উপমহাপরিচালক/পরিচালক (রেঞ্জের দায়িত্বপ্রাপ্ত)/ কমান্ড্যান্ট - সভাপতি

খ। পরিচালক (সভাপতি কর্তৃক মনোনিত) - সদস্য

গ। সহকারী পরিচালক (সংশ্লিষ্ট রেঞ্জ)/উপপরিচালক (প্রশাসন), একাডেমি - সদস্য সচিব

প্রাথমিক বাছাই কমিটি।

| | |
|---|---|
| ক। পরিচালক (অপারেশনস্) | - সভাপতি |
| খ। উপপরিচালক (রেকর্ড ব্যাটালিয়ন) | - সদস্য |
| গ। সহকারী পরিচালক (প্রশাসন/ওয়েলফেয়ার) | - সদস্য |
| ঘ। উপপরিচালক (ওয়েলফেয়ার) | - সদস্য-সচিব |

৯। **প্রাথমিক বাছাই কমিটির কার্যপরিধি**। একাডেমি ও রেঞ্জ কমিটি কর্তৃক সুপারিশকৃত নামীয় তালিকায় উল্লিখিত ব্যক্তিদের কাগজপত্র ও অন্যান্য তথ্যাদি যাচাইপূর্বক অসম্পূর্ণ ও অসত্য তথ্য সম্বলিত নাম, মনিটরিং শাখার বিরূপ মন্তব্য /রিপোর্ট,শৃঙ্খলা পরিপন্থি কাজে সংশ্লিষ্ট ব্যক্তি বা নীতিমালা পরিপন্থি যে কোন কাজে জড়িত ব্যক্তির জন্য আলাদা তালিকা এবং প্রাথমিকভাবে সুপারিশকৃতদের পৃথক তালিকা প্রস্তুতপূর্বক চূড়ান্ত নির্বাচন পর্ষদের সভায় উপস্থাপনের লক্ষ্যে কমিটির সকল সদস্যদের স্বাক্ষর গ্রহণপূর্বক উপপরিচালক (ওয়েলফেয়ার) সংরক্ষণ করবেন।

১০। চূড়ান্ত নির্বাচন পর্ষদ।

| | |
|---|---|
| ক। অতিরিক্ত মহাপরিচালক (সদর দপ্তর) | - সভাপতি |
| খ। উপমহাপরিচালক (প্রশাসন/অপারেশনস্/প্রশিক্ষণ) | - সদস্য |
| গ। পরিচালক (প্রশাসন /অর্থ/ওয়েলফেয়ার/মনিটরিং/ভিডিপি-প্রশিক্ষণ) | - সদস্য |
| ঘ। উপপরিচালক (ওয়েলফেয়ার) | - সদস্য সচিব |

১১। **অনুমোদন প্রক্রিয়া**। চূড়ান্ত নির্বাচন পর্ষদের সুপারিশকৃত তালিকা মহাপরিচালক মহোদয়ের সদয় অনুমোদনক্রমে **মহাপরিচালক এর প্রশংসাপত্র ও পুরস্কার** প্রদানের চূড়ান্ত তালিকা ওয়েলফেয়ার শাখা থেকে প্রকাশ করা হবে।

১২। **ব্যাজের বিবরণ**।

ক) সোনালী বর্ণের ৫ মিঃমিঃ পুরুত্ব বিশিষ্ট ধাতব পাত দ্বারা **মহাপরিচালকের প্রশংসা স্মারক** ব্যাজটি নির্মিত হবে। ব্যাজটির দৈর্ঘ্য হবে ৮৯ মিঃমিঃ এবং প্রস্থ হবে ৪৯ মিঃমিঃ।

খ) ব্যাজটির মাঝখানে বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর লোগো খঁচিত থাকবে।

গ) লোগোর উপরের দিকে **'আনসার ভিডিপি'** এবং নিচের দিকে **'মহাপরিচালকের প্রশংসা স্মারক'** লেখা থাকবে।

ঘ) ব্যাজটি পরিধানের জন্য কালো রাবার/চামরার তৈরি ৪৩.৫ মিঃমিঃ প্রস্থ এবং ৩৯ মিঃমিঃ দৈর্ঘ্যের একটি বন্ধনী ফিতা থাকবে।

১৩। **ব্যাজের বিন্যাস**। ক্রোড়পত্র 'ঘ'- ০১ (এক) পাতা।

১৪। **ব্যাজ পরিধানের স্থান**। ব্যাজটি ইউনিফর্মের ডানপাশের পকেটে পরিধান করতে হবে। একাধিকবার ব্যাজ প্রাপ্তির ক্ষেত্রে পরিধেয় ব্যাজ সংখ্যা বৃদ্ধি পাবে না।

১৫। **ব্যাজের সংখ্যা ও সম্মানি/পুরস্কার**। নির্বাচন পর্ষদ কর্তৃক প্রতিবছর নির্ধারণ করা হবে। প্রত্যেক ব্যাজ প্রাপ্ত সদস্যকে এককালীন ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা ও একটি সম্মাননা পত্র প্রদান করা হবে।

১৬। **সম্মাননা সনদের বিন্যাস**। 'ক্রোড়পত্র-ঙ' ০১ (এক) পাতা।

১৭। **বাজেট বরাদ্দ**। গ্রাম প্রতিরক্ষা দল-১২২০৫০৪/৩২১১১১০১- পুরস্কার (ভিডিপি) খাত হতে সংকুলান করা হবে।

১৮। **পর্ষদ/কমিটির সম্মানী**। প্রতি সভায় কমিটির সম্মানিত সদস্যগণ জনপ্রতি ৩,০০০/- টাকা হারে সম্মানী প্রাপ্য হবেন এবং সভায় সম্পৃক্ত কর্মচারী জনপ্রতি ১,০০০/- টাকা হারে (সর্বোচ্চ চার জন) সম্মানী প্রাপ্য হবেন। উক্ত অর্থ **"মহাপরিচালক, আনসার ও ভিডিপি তহবিল"** হতে সংকুলান করা হবে।

১৯। **প্রশংসাপত্র ও পুরস্কার গ্রহণ।**

(ক) প্রশংসাপত্র ও পুরস্কারের জন্য মনোনীত সদস্যগণ প্রশংসাপত্র গ্রহণের জন্য জাতীয় সমাবেশে বাংলাদেশ আনসার ও ভিডিপি একাডেমিতে উপস্থিত হবেন। প্রশংসাপত্র ও পুরস্কারের জন্য মনোনীত মহিলাগণ তাদের সঙ্গে একজন করে অভিভাবক আনতে পারবেন। তাদের সকলকে জেলা কমান্ড্যান্ট/ব্যাটালিয়ন অধিনায়ক এর পত্রসহ একাডেমিতে উপস্থিত হতে হবে।

(খ) মহাপরিচালক এর প্রশংসাপত্র গ্রহণের জন্য একাডেমিতে আগত ব্যক্তিদের (মহিলার ক্ষেত্রে অভিভাবকসহ) একাডেমিতে থাকা-খাওয়ার ব্যবস্থা একাডেমি কর্তৃপক্ষ সমাবেশ খাত হতে নির্বাহ করবেন;

(গ) মৃত বা স্বশরীরে উপস্থিত হতে অক্ষম ব্যক্তির পুরস্কার তার স্ত্রী/স্বামী বা জ্যেষ্ঠ বা কোন সন্তান বা কোন ঘনিষ্ঠজন গ্রহণ করবেন। তবে এ বিষয়ে জেলা কমান্ড্যান্ট/ব্যাটালিয়ন অধিনায়ক প্রদত্ত প্রত্যয়নপত্র সঙ্গে আনতে হবে।

(ঘ) জাতীয় সমাবেশ উপলক্ষ্যে আয়োজিত মহাপরিচালক মহোদয়ের দরবারে উপস্থিত ও সদর দপ্তর এবং একাডেমিতে কর্মরত সদস্যদের মধ্য হতে মনোনীত সদস্যদের মধ্যে মোট ৩০ জনকে প্রশংসাপত্র প্রদান, ব্যাজ ও পুরস্কারের অর্থ মহাপরিচালক মহোদয় প্রদান করবেন। পুরস্কারের অর্থ নগদে বা সংশ্লিষ্টদের ব্যাংক হিসাবের মাধ্যমে মহাপরিচালকের সিদ্ধান্তক্রমে পরিশোধ করা হবে। অন্যান্য সকল নির্বাচিত সদস্যদের ক্ষেত্রে রেঞ্জ কমান্ডার তার রেঞ্জের অধীন সংশ্লিষ্ট সকল সদস্যকে প্রশংসাপত্র প্রদান ও ব্যাজ পরিধান করাবেন।

২০। **প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ায় প্রকাশ। মহাপরিচালক এর প্রশংসাপত্র ও পুরস্কার** প্রাপ্ত কর্মচারীগণের নাম বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ায় প্রকাশ করা যাবে।

২১। এই নীতিমালা প্রয়োজনে কর্তৃপক্ষের অনুমোদনক্রমে পরিবর্তন ও পরিবর্ধন করা যাবে।

২২। এ সংক্রান্ত জারিকৃত পূর্বের সকল নীতিমালা এতদ্দ্বারা বাতিল করা হলো।

২৩। "মহাপরিচালক এর প্রশংসাপত্র ও পুরস্কার প্রদান সংক্রান্ত নীতিমালা, ২০২৬" জারির তারিখ হতে কার্যকর হবে।

২৪। কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ নীতিমালা জারি করা হলো।

**সংযুক্ত:** কোড়পত্র-ক, খ, গ, ঘ, ঙ-০৫ (পাঁচ) পাতা।

08/06/26

মুহাম্মদ সাজ্জাদুর রহমান, বিভিএমএস, পিএএমএস
বিএডি- ১২০০৭৩
পরিচালক (প্রশাসন)
মোবাইল নম্বর ০১৩৩৫৩০০২৬০
ই-মেইল: dir_admin@ansarvdp.gov.bd

E:\Babul\সকল প্রকার নীতিমালসমূহ\ওয়েলফেয়ার শাখা\মহাপরিচালকের প্রশংসাপত্র-২০২৬.docx.

'ক্রোড়পত্র-ক'

## মহাপরিচালকের প্রশংসাপত্র ও পুরস্কারের চেক লিস্ট

১। যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে প্রতিবছর ১০ নভেম্বর এর মধ্যে 'মহাপরিচালক এর প্রশংসাপত্র ও পুরস্কারের প্রস্তাব সদর দপ্তর ওয়েলফেয়ার শাখায় প্রেরণ করতে হবে।

২। আবেদনে অবশ্যই জাতীয় পরিচয়পত্র ও চাকুরীর নিয়োগ আদেশ অনুযায়ী নামের বানান সঠিকভাবে প্রেরণ করতে হবে। চাকুরীতে যোগদানের তারিখ, চাকুরীর মেয়াদ ও কর্মস্থলের ঠিকানা নির্ভুলভাবে প্রেরণ করতে হবে।

৩। মহাপরিচালকের প্রশংসাপত্র ও পুরস্কারের সাইটেশন সর্বোচ্চ ৩০০ (তিনশত) শব্দের মধ্যে লিখতে হবে।

৪। মহাপরিচালকের প্রশংসাপত্র ও পুরস্কারের সাইটেশনের হার্ডকপি, সদর দপ্তর, ওয়েলফেয়ার শাখায় ও Nikosh ফন্টে টাইপকৃত সফ্‌ট কপি ddwelfare@ansarvdp.gov.bd ঠিকানায় ওয়েব মেইল/সিডি/পেনড্রাইভের মাধ্যমে প্রেরণ করতে হবে।

৫। ইতঃপূর্বে কোনো পদক/পুরস্কার/মহাপরিচালক এর প্রশংসাপত্র পেয়ে থাকলে তার বিবরণ প্রেরণ করতে হবে।

৬। মহাপরিচালকের প্রশংসাপত্রের প্রস্তাবের সাথে আবেদনকারীর সদ্য তোলা ০২ কপি স্ট্যাম্প ও ০২ কপি পাসপোর্ট সাইজের সর্বমোট ০৪ কপি রঙ্গিন ছবি, জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ছায়ালিপি ও মোবাইল নম্বর প্রেরণ করতে হবে। অস্পষ্ট, পুরনো ছবি কোনভাবেই গ্রহণযোগ্য নয়।

৭। আবেদনকারী মৃত হলে উত্তরাধিকারী/প্রতিনিধির বর্তমান ও স্থায়ী ঠিকানাসহ উত্তরাধিকারী/প্রতিনিধির সদ্য তোলা ০২ কপি স্ট্যাম্প ও ০২ কপি পাসপোর্ট এবং মৃত ব্যক্তির ০২ কপি পাসপোর্ট সাইজের ছবিসহ সর্বমোট ০৬ কপি রঙ্গিন ছবি, জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ছায়ালিপি ও মোবাইল নম্বর প্রেরণ করতে হবে।

'ক্রোড়পত্র-খ'

## 'মহাপরিচালকের প্রশংসাপত্র ও পুরস্কারের প্রস্তাব প্রেরণের ছক (ইউনিট কর্তৃক পুরণকৃত)

| ক্রমিক | দপ্তর/কার্যালয় | পদবি, নাম, পিতার নাম, স্থায়ী ঠিকানা, চাকুরীতে ১ম যোগদানের তারিখ ও মোবাইল নম্বর | উল্লেখযোগ্য কাজের বিবরণ | বিবেচ্য সময়ে একই সাথে পদক/পুরস্কারের আবেদন করেছেন (হ্যাঁ/না) | পদক/পুরস্কারের আবেদন করলে তার বিবরণ |
|---|---|---|---|---|---|
| | | | | | |

প্রস্তাবকারীর নাম, স্বাক্ষর ও তারিখ

সুপারিশকারীর নাম, স্বাক্ষরও তারিখ

***প্রয়োজনীয় সংযুক্তিসমূহঃ**

ক। পত্রিকায় প্রকাশিত খবরের কাটিং (যদি থাকে)।

খ। ঘটনা সংশ্লিষ্ট আলোকচিত্র/ভিডিও/অন্যান্য দলিল (যদি থাকে)।

গ। রেফারেন্স, বিবরণ ইত্যাদি।

ঘ। ঘটনাকালীন কর্মস্থলের নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের প্রত্যয়নপত্র (প্রযোজ্য ক্ষেত্রে)।

ঙ। এছাড়াও অন্যান্য প্রমাণপত্র (যদি থাকে)।

'ক্রোড়পত্র-গ'

## 'মহাপরিচালকের প্রশংসাপত্র ও পুরস্কারের জন্য একাডেমি ও রেঞ্জ কমিটি কর্তৃক সুপারিশকৃতদের নামীয় তালিকা


| ক্রমিক | দপ্তর/কার্যালয় | পদবি, নাম, পিতার নাম, স্থায়ী ঠিকানা, চাকুরীতে ১ম যোগদানের তারিখ ও মোবাইল নম্বর | উল্লেখযোগ্য কাজের বিবরণ | বিবেচ্য সময়ে একই সাথে পদক/পুরস্কারের আবেদন করেছেন (হ্যাঁ/না) | পদক/পুরস্কারের আবেদন করলে তার বিবরণ |
|---|---|---|---|---|---|
| | | | | | |

সদস্য-সচিব

সদস্য

সভাপতি

'ক্রোড়পত্র-ঘ'




**FRONT MOLD**

**BACK MOLD**

*Thickness: 5 mm*

**Shiny Gold Plating**

Raised Metal (Layer 1)
Recessed Metal (Layer 2)

**Shiny Silver Plating**

Raised Metal (Layer 1)
Recessed Metal (Layer 2)

348 C
187 C

**DOUBLE PLATING HANGING BADGE**

‘ক্রোড়পত্র-ঙ’

# “মহাপরিচালকের প্রশংসাপত্র”

জনাব..............................................বিএভি/রেজিঃ/আইডি নং.......................পদবি..............................

পিতা.........................................................গ্রাম.............................উপজেলা....................................জেলা.

....................................................কে দৃষ্টান্তমূলক কর্তব্যপরায়ণতা ও দায়িত্বপালনে প্রশংসনীয় অবদান ও কাজের স্বীকৃতিস্বরূপ বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর .........তম জাতীয় সমাবেশ-................উপলক্ষ্যে মহাপরিচালকের প্রশংসাপত্র ও পুরস্কার প্রদান করা হলো।

আপনার প্রশংসনীয় কাজের জন্য আমি আপনাকে আন্তরিক অভিনন্দন জানাচ্ছি। আশা করি ভবিষ্যতে আপনার এ ধরণের প্রশংসনীয় কাজের ধারা বাহিনীর উন্নয়নে ও দেশসেবায় অব্যাহত থাকবে।

মহাপরিচালক<br>
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী